

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।  
[www.nbr.gov.bd](http://www.nbr.gov.bd)

তারিখ : ০৪ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেস রিলিজ

**চট্টগ্রামে কাস্টমস কর্মকর্তার উপর দুষ্কৃতিকারীদের হামলার ঘটনায় মামলা দায়ের**

অবৈধ পণ্য খালাসে বাধা দেয়ায় কাস্টমস হাউস, চট্টগ্রামের দুই জন কর্মকর্তার ওপর আজ ০৪ ডিসেম্বর ২০২৫ তারিখে দুষ্কৃতিকারী কর্তৃক হামলার ঘটনা ঘটেছে। কাস্টমস হাউস, চট্টগ্রাম এর এআইআর শাখার রাজস্ব কর্মকর্তা, জনাব মোঃ আসাদুজ্জামান খান এবং সহকারী রাজস্ব কর্মকর্তা জনাব মোঃ বদরুল আরেফিন ভূঁইয়া দাপ্তরিক কাজে কাস্টমস গোয়েন্দা আঞ্চলিক অফিস হতে কাস্টমস হাউস চট্টগ্রামের নিজস্ব অফিসে আসার পথে আনুমানিক সকাল ১০.২০ ঘটিকায় ডবলমুরিং থানার সিডিএ আবাসিক এলাকায় তিনজন অজ্ঞাতনামা দুষ্কৃতিকারী মোটর সাইকেলযোগে এসে তাঁদের বহনকারী গাড়ির গতিরোধ করে। প্রাণনাশের উদ্দেশ্যে চাপাতি দিয়ে আক্রমণ করে এবং লাথি দিয়ে গাড়ির বাম পাশের গ্লাস ভেঙে ফেলে। এ সময় তারা গুলি কর, গুলি কর বলে চিৎকার করতে থাকে। জীবন রক্ষার্থে কর্মকর্তাদ্বয় কৌশলে গাড়ি নিয়ে দ্রুত কর্মস্থলের দিকে চলে আসেন।

সম্প্রতি কাস্টমস হাউস, চট্টগ্রাম রাজস্ব ফাঁকি রোধে নিম্নবর্ণিত উল্লেখযোগ্য নিবারক কার্যক্রম গ্রহণ করায় নিষ্ঠাবান কাস্টমস কর্মকর্তাগণ উক্ত আক্রমণের শিকার হয়েছেন মর্মে ধারণা করা হচ্ছে:

- প্রায় ১০ কোটি টাকা মূল্যের আমদানি নিষিদ্ধ পপি সিড ও ঘন চিনি (Sodium Cyclamate) আটক;

- গত মে মাসে প্রায় ৩০ (ত্রিশ) কোটি টাকার রাজস্ব সংশ্লিষ্ট নিষিদ্ধ সিগারেটের একটি পণ্যচালান আটক;

চট্টগ্রাম বন্দরের বিভিন্ন শেড কেন্দ্রীক এক পণ্যের আড়ালে অন্য পণ্য খালাস নেয়ার জালিয়াত চক্র কর্তৃক মিথ্যা ঘোষণার মাধ্যমে আনীত বিভিন্ন কসমেটিকস পণ্যের চালান আটক করায় গত ০৫/১০/২০২৫ খ্রি. তারিখ আনুমানিক বিকাল ৪:৩০ ঘটিকার সময় অজ্ঞাতনামা ব্যক্তি আক্রান্ত রাজস্ব কর্মকর্তার ব্যক্তিগত হোয়াটসঅ্যাপ নম্বরে কল করে বিভিন্ন ধরনের ভয়-ভীতি প্রদান করাসহ প্রাণে মেরে ফেলার হুমকি দিলে বন্দর থানা, চট্টগ্রামে একটি সাধারণ ডায়েরি (নং-২৮২, তারিখ: ০৬/১০/২০২৫ খ্রি.) দায়ের করা হয়েছিল।

সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে নিষিদ্ধ পণ্যের চোরাচালান, শুল্ক কর ফাঁকি এবং অসত্য ঘোষণার মাধ্যমে পণ্য আমদানি প্রতিহত করার পবিত্র দায়িত্বে নিয়োজিত রাজস্ব কর্মকর্তার ওপর অতীব ঘৃণ্য এ সন্ত্রাসী হামলার ঘটনায় জাতীয় রাজস্ব বোর্ড তীব্র ক্ষোভ ও ঘৃণা প্রকাশ করে সং ও নিষ্ঠাবান রাজস্ব কর্মকর্তাদের সকল প্রকারের নিরাপত্তা বিধানের অঙ্গীকার ব্যক্ত করেছে। অপরাধীরা যতই শক্তিশালী হোক না কেন তাদেরকে অতি দ্রুত আইনের আওতায় এনে বিচার সম্পন্ন করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড আইন প্রয়োগকারী সংস্থাকে অনুরোধ করেছে।

ঘৃণ্য এ সন্ত্রাসী হামলার ঘটনায় রাজস্ব কর্মকর্তা জনাব মোঃ আসাদুজ্জামান খান কর্তৃক ডবলমুরিং থানা, চট্টগ্রামে আজ একটি এজাহার দায়ের করা হয়েছে যার মামলা নম্বর: ০৮ তারিখ: ০৪/১২/২০২৫।

**-জাতীয় রাজস্ব বোর্ড**